

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ফুলতলা, খুলনা  
www.fultola.khulna.gov.bd

বিষয় : ফুলতলা, খুলনা উপজেলা আইসিটি বিষয়ক কমিটির জুলাই- ২০২৩ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব তাসনীম জাহান, উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।

স্থান : উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১৯-০৭-২০২৩ খ্রি. সময়: সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সহকারী প্রোগ্রামার বিগত সভার কার্যবিবরণী এবং বর্তমান সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | সিদ্ধান্ত   | বাস্তবায়নে   |
|---------|---|---|
| ০১      | ফুলতলা উপজেলা ওয়েব পোর্টালসহ উপজেলাধীন ইউনিয়ন ওয়েব পোর্টালের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। ওয়েব পোর্টাল সমূহের অসম্পূর্ণতা দূত সম্পূর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।   | সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল), উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), ফুলতলা, খুলনা।  |
| ০২      | ফুলতলা উপজেলাধীন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য এক সেবায় নিয়মিতভাবে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি সচিব, উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), ফুলতলা, খুলনা।  |
| ০৩      | শেখ রাসেল ডিজিটাল ল্যাব যথাযথভাবে ব্যবহার নিশ্চিতকরণ এবং নিয়মিত পরিদর্শন ও দিক-নির্দেশনা প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।  | সহকারী প্রোগ্রামার, ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান (সকল), ফুলতলা, খুলনা।  |
| ০৪      | শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল সাইবার নিরাপত্তা বিষয়ক আলোচনা আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।   | শিক্ষা অফিসার, মাধ্যমিক শিক্ষা অফিসার, ল্যাব প্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ (সকল), ফুলতলা, খুলনা। |
| ০৫      | দাপ্তরিক সকল কার্যক্রম ডি-নথি সিস্টেমের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। যেসকল অফিস ই-নথি সিস্টেমে নেই তাদেরকে তাদেরকে সিস্টেমে অন্তর্ভুক্তির বিষয়ে বিস্তারিত পদক্ষেপ নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।                    | সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল), ফুলতলা, খুলনা।   |
| ০৬      | উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুমের কার্যক্রম মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।   | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলতলা, খুলনা।   |
| ০৭      | ফুলতলা উপজেলাধীন সকল ইউডিসি সেন্টার হতে অনলাইনে পর্চা, ভূমি আয়কর ও অন্যান্য সরকারি সেবা সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।  | উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ) ফুলতলা, খুলনা।  |
| ০৮      | প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসাবে সামাজিক যোগাযোগ মাধ্যম তথা Facebook এ কোন বিকৃত পোস্ট/ মন্তব্য না করা এবং Facebook ব্যবহারের নীতিমালা অনুসরণ করে পোস্ট, মন্তব্য বা শেয়ার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।          | অফিস প্রধান (সকল), ফুলতলা, খুলনা।   |

|    |  |   |
|----|--|---|
| ০৯ | মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনভারেন্সিং এর মাধ্যমে উপজেলায় নব নির্মিত মডেল মসজিদের শুভ উদ্বোধন করবেন এই জন্য সকল ধরনের টেকনিক্যাল সাপোর্ট এর সার্বিক প্রস্তুতি নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), ফুলতলা, খুলনা। |
|----|--|---|

সবশেষে আইসিটি'র বিকাশ ও উন্নয়নের মাধ্যমে সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবে রূপ দেয়ার লক্ষ্যে সকলকে সক্রিয় অংশ গ্রহণের আহবান জানিয়ে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ

তাসনীম জাহান  
উপজেলা নির্বাহী অফিসার  
ফুলতলা, খুলনা

email: unofultola4769@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাধ্যমিক শিক্ষা অফিসার / উপজেলা শিক্ষা অফিসার, ফুলতলা, খুলনা।
২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফুলতলা, খুলনা।
২. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক .....ফুলতলা, খুলনা।
৩. চেয়ারম্যান, আটরা-গিলাতলা/দামোদর/জামিরা/ফুলতলা ইউনিয়ন পরিষদ, ফুলতলা, খুলনা।

স্মারক নং: ০৫.৪০.৪৭৬৯.০১১.০২.০১২.২৩-

৫৫০

তারিখ: ১৯-০৭-২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, ঢাকা।
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, ঢাকা।
৩. জেলা প্রশাসক, খুলনা।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
৫. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা।
৬. ...., ফুলতলা, খুলনা।
৭. অফিস কপি।

১৯/০৭/২০২৩

তাসনীম জাহান  
উপজেলা নির্বাহী অফিসার  
ফুলতলা, খুলনা

email: unofultola4769@gmail.com